

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৭.০১১.২৪. ৩০৫৮

তারিখঃ ৩১/১০/২০২৪খ্রিঃ


**"সংশোধিত বালু নিলাম বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত আগামী ০৩/১১/২০২৪ তারিখের পরিবর্তে ০৫/১১/২০২৪ তারিখ ৫নং লক্ষীটারী ইউনিয়নের চর ইচলী মৌজা এবং ৬নং গজঘন্টা ইউনিয়নের ছালাপাক মৌজায় জন্মকৃত বালু প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানকে সংশোধিত সময়সূচি মোতাবেক যথাসময়ে নিম্নে বর্ণিত নির্ধারিত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। নিলামের স্থান ও সময় নিম্নরূপঃ

ক্রঃ নং	জন্মকৃত বালুর অবস্থান ও নিলামের স্থান	জামানত (ফেরৎযোগ্য)	তারিখ	সময়	বালুর পরিমাণ
০১	লক্ষীটারী ইউনিয়নের চর ইচলী মৌজায় শংকরদহ (পুরাতন) সরকারি প্রাথমিক বিদ্যালয় যাওয়ার রাস্তায় আব্দুল মজিদের বাড়ী সংলগ্ন স্থানে	=২০,০০০/- (বিশ হাজার) টাকা	০৫/১১/২০২৪	বেলা: ১১.০০ টা	১৪০৯.৬৭ ঘনমিটার
০২	গজঘন্টা ইউনিয়নের ছালাপাক মৌজায় আলম মেম্বার এর বাড়ী সংলগ্ন স্থানে	=১০,০০০/- (দশ হাজার) টাকা	০৫/১১/২০২৪	বেলা: ১২.০০ টা	১১৭.২৯ ঘনমিটার
০৩	গজঘন্টা ইউনিয়নের ছালাপাক মৌজায় মঞ্জুর বাড়ী সংলগ্ন স্থানে	=১০,০০০/- (দশ হাজার) টাকা	০৫/১১/২০২৪	বেলা: ১২.৩০ টা	১৪৭.৮০ ঘনমিটার
০৪	গজঘন্টা ইউনিয়নের ছালাপাক মৌজায় নুরুল হক এর বাড়ী সংলগ্ন স্থানে	=২০,০০০/- (বিশ হাজার) টাকা	০৫/১১/২০২৪	বেলা: ১.০০ টা	১২২৬.৬৯ ঘনমিটার

**:-শর্তাবলী:-**

- ০১। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে নির্ধারিত স্থানে যথাসময়ে বর্ণিত জামানত বাবদ অর্থ (ফেরৎযোগ্য) জমা দিয়ে তালিকাভুক্ত হতে হবে।
- ০২। সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের টাকা তাৎক্ষণিকভাবে জমা প্রদান করতে হবে এবং কার্যাদেশ প্রাপ্তির পূর্বে ভ্যাট ১৫% ও আয়কর বাবদ ১০% অর্থ সরকারি কোষাগারে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ০৩। ভ্যাট ও আয়করসহ নিলাম ডাকের সমুদয় টাকা জমা প্রদান করে নিলামকৃত বালু কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে অপসারণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে অপসারণ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জন্মকৃত বালুর বাস্তব অবস্থা সরেজমিন পরিদর্শন করতে হবে। নিলাম ডাকের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৫। সর্বোচ্চ নিলাম ডাককারী কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর বালু অপসারণের সময় জনসাধারণের কোন ক্ষতি করলে কিংবা নিলামের শর্ত ভঙ্গ করলে তা ঐ জামানত হতে পরিশোধ করা হবে এবং বালু অপসারণের পর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে।

  
(নাহিদ তামান্না)

উপজেলা নির্বাহী অফিসার  
গংগাচড়া, রংপুর

e-mail:unogangachara@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গংগাচড়া, রংপুর  
www.gangachara.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৭.০১১.২৪. ৩০৫৮

তারিখঃ ৩১/১০/২০২৪খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। সহকারী কমিশনার (ভূমি), গংগাচড়া, রংপুর।
- ২। চেয়ারম্যান, লক্ষীটারী/গজঘন্টা ইউনিয়ন পরিষদ, গংগাচড়া, রংপুর। তাকে সংশোধিত বালু নিলাম বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মহিপুর (লক্ষীটারী)/গজঘন্টা ইউনিয়ন ভূমি অফিস, গংগাচড়া, রংপুর। তাকে সংশোধিত বালু নিলাম বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার এবং নিলাম স্থানে উপস্থিত থেকে নিম্নস্বাক্ষরকারীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৪। জনাব .....
- ৫। অফিস কপি।

  
৩১.১০.২০২৪  
(নাহিদ তামান্না)  
উপজেলা নির্বাহী অফিসার  
গংগাচড়া, রংপুর